

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮২

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصْلُ الْلاَّوَّلُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَلَا أَدُلُّكُمْ عَلَى مَا يَمْحُو اللَّهُ بِهِ الْخَطَايَا وَيَرْفَعُ بِهِ الدَّرَجَاتِ؟ قَالُوا بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ: «إِسْبَاغُ الْوُضُوءِ عَلَى الْمَكَارِهِ وَكَثْرَةُ الْخُطَى إِلَى الْمَسَاجِدِ وَانْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَاة فذلكم الرَّبَاط»

বাংলা

২৮২-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (সাহাবীগণের উদ্দেশ করে) বললেনঃ আমি কি তোমাদের এমন একটি কথা বললো না আল্লাহ তা'আলা যা দিয়ে তোমাদের গুনাহখাতা মাফ করে দিবেন এবং (জান্নাতেও) পদমর্যাদা বাড়িয়ে দিবেন? সাহাবীগণ আবেদন করলেন, হ্যাঁ, হে আল্লাহর রসূল! অবশ্যই। তখন তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, কষ্ট হলেও পরিপূর্ণভাবে উযূ (ওযু/ওজু/অজু) করা, মসজিদের দিকে অধিক পদক্ষেপ রাখা এবং এক ওয়াক্ত সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের পর আর এক ওয়াক্ত সালাতের প্রতীক্ষায় থাকা। আর এটাই হলো 'রিবাত্ব' (প্রস্তুতি গ্রহণ)।[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَمْحُو اللّهُ بِهِ الْخَطَايَا) "যা দিয়ে আল্লাহ তা'আলা গুনাহসমূহ মুছে দিবেন।" অর্থাৎ- গুনাহ লিপিবদ্ধকারী লেখকদের দফতর থেকে গুনাহসমূহ মুছে ফেলবেন। আর এ মুছে ফেলাটাই আল্লাহ তাকে তা মাফ করে দিয়েছেন তার দলীল। এ গুনাহ দ্বারা ঐ সগীরাহ গুনাহ উদ্দেশ্য যা আল্লাহর হাকের সাথে সম্পুক্ত।



(وَيَرْفَعُ بِهِ الدَّرَجَاتِ) "আর তা দ্বারা পদমর্যাদা বাড়িয়ে দিবেন।" অর্থাৎ- জান্নাতে তাকে উঁচু মর্যাদা দান করবেন। অনুরূপভাবে দুনিয়াতেও তার মর্যাদা বাড়িয়ে দেয়ার সম্ভাবনা রয়েছে।

(کَثْرَةُ الْخُطَا إِلَى الْمَسَاجِدِ) "মসজিদের দিকে অধিক পদক্ষেপ রাখা।" (الْخُطَا إِلَى الْمُسَاجِدِ) বলা হয়, পায়ে হেঁটে চলার সময় দু'পায়ের মধ্যবর্তী জায়গাকে। যাকে আমরা বাংলা ভাষায় পদক্ষেপ বলি। অধিক পদক্ষেপ দু'টি কারণে হতে পারে। যথা- (১) মাসজিদ থেকে বাসস্থানের অবস্থান দূরবর্তী স্থানে হওয়ার কারণে, (২) বারবার মসজিদে আগমনের কারণে। কারণ যাই থাক না কেন মসজিদে অধিক যাতায়াতকারীর ব্যক্তির জন্য হাদীসে বর্ণিত মর্যাদা তার জন্য নির্ধারিত আছে।

(انْتِظَارُ الْصَّلَاةِ بَعْدَ الصَّلَاةِ الْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَاةِ (সালাত/নামায/নামাজ) আদায় করার পর পরবর্তী সালাত আদায় করার উদ্দেশে মসজিদে বসে থাকা অথবা সালাত আদায় করে স্বীয় কর্মস্থলে ফিরে যাবার পর পরবর্তী সালাত আদায়ের জন্য মনে মনে সংকল্প করা এবং এজন্য প্রস্তুতি গ্রহণ করা যাতে মসজিদে গিয়ে পরবর্তী সালাত আদায়ে কোন ব্যাঘাত না ঘটে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন